

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৭৭

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَّارَةِ)

পরিচ্ছেদঃ সহবাস করার কারণে গোসল ওয়াজিব হয়ে যায় যদিও বীর্যপাত না হয়

ذَكَرُ إِجَابِ الْاِغْتِسَالِ مِنَ الْجَمَاعِ وَإِنْ لَمْ يَكُنْ ثُمَّ إِمْنَاءُ

আরবী

[1177/*] - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ كَثِيرٍ عَنِ الْأَوْزَاعِيِّ قَالَ: حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ الْقَاسِمِ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ أَنَّهَا سَأَلَتْ عَنِ الرَّجُلِ يُجَامِعُ فَلَا يُنْزَلُ قَالَتْ: فَعَلْتُ أَنَا وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاغْتَسَلْنَا مِنْهُ جَمِيعًا.

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1177 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৭৭/*. কাসিম থেকে বর্ণিত, তিনি বলেন, “আয়েশা রাদিয়াল্লাহু তা‘আলা আনহাকে জিজ্ঞেস করা হয় ঐ ব্যক্তি সম্পর্কে যে ব্যক্তি স্ত্রী সহবাস করে কিন্তু বীর্যপাত হয়না (তার গোসল করতে হবে কিনা)?” জবাবে তিনি বলেন, “আমি ও আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এমনটা করেছি অতঃপর আমরা দুইজনেই এজন্য গোসল করেছি।”[1]

ফুটনোট

[1] মুসনাদ ইমাম শাফেঈ: ১/৩৬; ইবনুল জারুদ: ৯৩; তাহাবী: ১/৫৫; সুনান বাইহাকী: ১/১৬৪; মুসনাদ আহমাদ: ৬/৬৮; সহীহ মুসলিম: ৩৫০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৮০।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ কাসিম (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90491>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন